

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট : www.techedu.gov.bd
ই-মেইল : techedu09@gmail.com

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০০৩.১৬/

তারিখঃ/০২/২০১৭ইং

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়
৪৫, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

বিষয় : পারিবারিক অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরী প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, অত্র অধিদপ্তরাধীন ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, তেজগাঁও, ঢাকা-১২০৮ এর ক্রাফট ইন্সট্রাক্টর (সপ) জনাব মোঃ আজাদ চাকুরীরত অবস্থায় গত ২৫/০৪/২০১৪ইং তারিখে মৃত্যুবরণ করেছেন। এতদপ্রেক্ষিতে মরহুমের বিধবা স্ত্রী হাজেরা বেগম পরিবারের অন্যান্য ওয়ারিশগণের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত হয়ে নির্ধারিত ফরমে পারিবারিক অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরীর আবেদন জানিয়েছেন।

২। উক্ত কর্মচারীর অবসরের তারিখে শেষ মাসিক গ্রহীতব্য বেতন ১২,৬২০/-টাকা। মূলবেতন ১২,৬২০/- টাকার ২০% মহার্ঘভাতা ২,৫২৪/- টাকাসহ মোট মূলবেতন ১৫,১৪৪/-। তার চাকুরীকাল ২৫ বৎসরের উর্ধ্ব হওয়ায় পেনশনের হার ৮০% হিসাবে মোট অবসরভাতার পরিমাণ ১২,১১৫/২০ টাকা। মোট অবসরভাতার অর্ধাংশ (১২,১১৫/২০÷২)=৬,০৫৭/৬০ টাকা। আনুতোষিকের জন্য অবসরভাতার ১ম অর্ধাংশের বিনিময় হার প্রতি ১/- টাকার পরিবর্তে ২৩০/- টাকা হিসাবে আনুতোষিক (৬,০৫৭/৬০×২৩০/-)= ১৩,৯৩,২৪৮/- (তের লক্ষ তিরানব্বই হাজার দুইশত আটচল্লিশ) টাকা প্রাপ্য।

উক্ত কর্মচারীর নিকট সরকারী বাড়ীভাড়া, গ্যাস, পানি ও পয়ঃ প্রণালী বাবদ পাওনা ১,৮৭,২৩৯/- (একলক্ষ সাতাশি হাজার দুইশত ঊনচল্লিশ) টাকা। উক্ত আনুতোষিক হতে সরকারী পাওনা কর্তন করে (১৩,৯৩,২৪৮-১,৮৭,২৩৯/-)=১২,০৬,০০৯/- (বার লক্ষ ছয় হাজার নয়) টাকা মাত্র এককালীন আনুতোষিক এবং ২৫/০৪/২০১৪ইং তারিখ হতে মাসিক নীট ৬,০৫৭/৬০ (ছয় হাজার সাতান্ন টাকা ষাট পয়সা) হারে পারিবারিক অবসরভাতা নির্দেশিত হয়ে মঞ্জুরী প্রদান করা হলো।

৩। মরহুমের বিধবা স্ত্রী হাজেরা বেগম এর অনুকূলে পেনশন পরিশোধ আদেশ (পিপিও) জারীর জন্য নিম্নবর্ণিত কাগপত্রাদি পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হল।

ক)	পারিবারিক পেনশন ফরম ২.২	১ কপি
খ)	পাসপোর্ট সাইজ ছবি (সত্যায়িত)	৩ কপি
গ)	মৃত্যুর সনদ (হাসপাতাল কর্তৃক)	১ কপি
ঘ)	শেষ বেতনের সনদপত্র	১ কপি
ঙ)	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	২ কপি
চ)	উত্তরাধিকারী সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট	১ কপি
ছ)	উত্তরাধিকারী কর্তৃক মাতাকে ক্ষমতা হস্তান্তর পত্র	১ কপি
জ)	না-দাবী সনদপত্র	১ কপি
ঝ)	জাতীয় পরিচয়পত্র	১ কপি
ঞ)	চাকুরী বহি	এক সেট।

৪। এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)
সহকারী পরিচালক-০৩
ফোন-০২-৮১৮১২২৫

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০০৩.১৬/২০৬(৪)

তারিখঃ ০২/০২/২০১৭ইং

অবগতির জন্য অনুলিপি দেয়া হল :-

- ১। অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, তেজগাঁও, ঢাকা-১২০৮। এ তার ০৯/০১/২০১৭ইং তারিখের ১১৬ নং স্মারকের বরাতে করা হল।
- ২। আই.সি. টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল।)
- ৩। জনাব হাজেরা বেগম, স্বামী-মৃত মোঃ আজাদ, প্রাক্তন ক্রাফট ইন্সট্রাক্টর (সপ), ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, তেজগাঁও, ঢাকা-১২০৮। স্থায়ী ঠিকানা-খাম-সুয়াগাজী, পোঃ সুয়াগাজী, থানা-সদর, জেলা-কুমিল্লা।
- ৪। সংশ্লিষ্ট নথি।

(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)
সহকারী পরিচালক-০৩
ফোন-০২-৮১৮১২২৫